

অধিকারের  
জন্য  
লিখুন

AMNESTY  
INTERNATIONAL



এল জি বি টি আই কিউ  
অধিকারগুলি রক্ষার  
জন্য কুপিয়ে হত্যা

জুলহাজ মান্নান

মানবাধিকার কর্মী, বাংলাদেশ

# জুলহাজ মান্নান

মানবাধিকার কর্মী, বাংলাদেশ

অধিকারের  
জন্য  
লিখুন

AMNESTY  
INTERNATIONAL



জুলহাজ মান্নান এবং তার একজন সহকর্মী যখন তাদের এপার্টমেন্টে ছিলেন তখন কিছু লোক কুরিয়ার কর্মী সেজে এপার্টমেন্টে ঢুকে তাদেরকে চাপাতি দিয়ে কোপাতে থাকে। দুজনকেই জুলহাজ এর ৭৫ বছর বয়সী মায়ের সামনে কুপিয়ে হত্যা করা হয়।

জুলহাজ ছিলেন বাংলাদেশের একমাত্র পত্রিকা যেটা সমকামী, গে, উভকামী, হিজড়া, আন্তঃযৌন এবং ভিন্নধর্মী যৌন চর্চার বিষয় তুলে ধরা হত, তার প্রতিষ্ঠাতা। এটি ছিল একটি খুবই সাহসী পদক্ষেপ সেই দেশে যেখানে সম-লিঙ্গের সম্পর্ক বেআইনি। তার আক্রমণকারিরা আনসার আল-ইসলামের অন্তর্গত বলে মনে করা হয়, যারা ব্লগারদের, নাস্তিকদের, নারীবাদীদের, বিজ্ঞান ও অন্যান্য ধর্মনিরপেক্ষ বিষয়গুলো প্রচারকারীদের বিরুদ্ধে অনুরূপ আক্রমণের জন্য দায়ী চরমপন্থি দল।

এক বছরেরও বেশি সময় আগের আক্রমণ, এবং প্রত্যক্ষদর্শীর বয়ান এবং সিসিটিভি ফুটেজ থাকা সত্ত্বেও এই হত্যার জন্য কাউকে দায়ী করা হয়নি। এর উপরে রয়েছে পুলিশের ঢিলেঢালা মনোভাব এবং

সরকার কর্তৃক আক্রমণের শিকার ব্যক্তিদের উপরেই দোষ চাপানোর ঘটনা। জুলহাজ খুন হবার পর পরই, সরকারের একজন মন্ত্রী প্রতিক্রিয়ায় এই বলেন যে এই আন্দোলনটি বাংলাদেশে অস্বাভাবিক যৌনতা বিস্তারে ভূমিকা রাখে যা বাংলাদেশি সমাজ অনুমতি দেয়না।

জুলহাজের খুনিদের পাকড়াও না করা এবং তাদের ন্যায় বিচারের আওতায় না নিয়ে আসার অনিচ্ছা এবং প্রবনতা সমকামী, গে, উভকামী, হিজড়া, আন্তঃযৌন এবং ভিন্নধর্মী যৌন চর্চা নিয়ে যারা কাজকর্ম করে, তাদের এক বড় চ্যালেঞ্জের সামনে ফেলে দিয়েছে। জুলহাজের ভাই বলেন, পুলিশের নিষ্ক্রিয়তা এটাই দেখিয়ে দিচ্ছে যে, “সরকার বিষয়টা নিয়ে একে বারেই মাথা ঘামাচ্ছে না ..এবং বিশ্বাস করে যে জুলহাজের মৃত্যুর সাথে সাথেই এই বিষয়টি (সম লিঙ্গ সম্পর্ক)র মৃত্যু ঘটেছে”।

বাংলাদেশকে বলুন জুলহাজের  
হত্যাকারীদের ন্যায়বিচারের আওতায়  
নিয়ে আসতে।

চিঠি লিখুন

একটি জীবনকে বদলে দিন



বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী  
কে লিখুন

তাকে বলুন জুলহাজের হত্যাকারীদের ন্যায়বিচারের আওতায় নিয়ে আসতে।

আসাদুজ্জামান খান  
মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী  
বাংলাদেশ সচিবালয়, বিল্ডিং - ৪  
ঢাকা  
বাংলাদেশ

বরাবর: প্রিয় স্বরাষ্ট্রমন্ত্রী



জুলহাজের পরিবারকে দেখিয়ে  
দিন যে তারা একা নন

তাদের কাছে আপনার আশার বার্তা এবং সমর্থনের কথা জানিয়ে দিন।

মিনহায মান্নান ইমন এর পরিবারের প্রতি  
প্রয়োজ্ঞে, অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল পূর্ব এশিয়া আঞ্চলিক অফিস  
16/এফ সিউ অন সেন্টার  
188 লকহার্ট রোড  
ওয়ানচি  
হংকং